LIBERTY JUSTICE EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM**
**(CPDRS)**
**WEST BENGAL STATE COMMITTEE**
**Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013**
**Mob: 9883717575, 8420094883** **Email: cpdrs.india@gmail.com**

হাইকোর্টের রায়ে ২০১৬ সালের এসএসসির প্যানেল বাতিল করা প্রসঙ্গে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (২৩.০৪.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ বলেছে সকলেই অপরাধ করেনি। অথচ আশ্চর্যজনকভাবে হাইকোর্টের নির্দেশে শাস্তি পেতে হবে সকলকেই। যারা যোগ্যতার ভিত্তিতে চাকরি পেয়েছে তাদেরও চাকরি বাতিল হবে, সুদসহ বেতন ফেরত দিতে হবে। এ কেমন বিচার? এই রায় মানবাধিকারের চূড়ান্ত পরিপন্থী।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস মনে করি, এই রায় আইনি বিচার প্রক্রিয়ায় মৌলিক দৃষ্টিভঙ্গিকে লংঘন করেছে, যে যথার্থ দৃষ্টিভঙ্গি বলে, হাজার অপরাধী ছাড়া পেলেও কোন নিরাপরাধ ব্যক্তি যেন সাজা না পায়। অথচ দীর্ঘদিন মামলা চলার পরেও, সমস্ত অপরাধীদের চিহ্নিত করে শাস্তি দেওয়া, যোগ্য ব্যক্তিদের চাকরিতে বহাল রাখা এবং বঞ্চিত যোগ্য প্রার্থীদের চাকরির ব্যবস্থা করা --- এর কোনটাই হাইকোর্ট করতে পারেনি। তদন্তকারী সংস্থা গুলির নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন উঠেছে বারবার। নিজের অক্ষমতা ঢাকতে ক্ষমতার অপব্যবহারের অভিযোগ জনমনে তীব্র থেকে তীব্রতর হচ্ছে, যা বিচার ব্যবস্থার প্রতি সাধারণ মানুষের আস্থা নষ্ট করে দিতে পারে।

তাই আমরা দাবি জানাচ্ছি, এই রায় পুনর্বিবেচনা করে, দুর্নীতিতে যুক্ত ব্যক্তিদের কঠিন শাস্তি দেওয়া হোক এবং যোগ্যব্যক্তিদের ও বঞ্চিত যোগ্য প্রার্থীদের সুবিচার দেওয়া হোক।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক